দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 MAR 2016
পৃষ্ঠা ৭ ৫ কলাম ৮

# ইউএনও অপসারণ দাবিতে ক্লাস বর্জন

■ গঙ্গাচড়া (রংপুর) সংবাদদাতা

রংপুরের গঙ্গাচড়ায় ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ও সহকারী কমিশনার (ভূমি) রাশেদুল হকের অপসারণের দাবীতে গতকাল বুধবার ন্যাশনাল সার্ভিসের আওতায় প্রশিণার্থীরা ক্লাস বর্জন করেছে। প্রশিক্ষণার্থীরা এ সময় পরিদর্শনে আসা যুব উন্নয়ন অধিদপ্তরের যুগ্ম-সচিবের নিকট লিখিত অভিযোগ করে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, গঙ্গাচড়া মহিলা ডিগ্রী কলেজে গত ১ মার্চ থেকে ন্যাশনাল সার্ভিসের আওতায় ১ হাজার প্রশিক্ষণার্থী বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ নিচ্ছে। উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর এ প্রশিক্ষণের আয়োজন করে। গত মঙ্গলবার ইউএনও অফিসের টেকনিশিয়ান লিমন মিয়া বিকেলে প্রশিক্ষণার্থীদের খাতায় উপস্থিতি নিতে গেলে প্রশিক্ষণার্থীরা উপস্থিতি নিতে নিষেধ করে। এমতাবস্থায় লিমন বিষয়টি ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তাকে জানালে তিনি এসে বিভিন্ন রুমে বলেন, অনুপস্থিত থাকলে পাছায় লাথি মেরে গেট দিয়ে বের করে দিব।

এ সময় বিভিন্ন আপত্তিকর মন্তব্যও করেন। এসব শুনে প্রশিক্ষণার্থীরা বিক্ষোভ করে ক্লাস বর্জন করে ইউএনওকে অবরুদ্ধ করে রাখে। পরে থানা পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এদিকে গতকাল বুধবার যুব উন্নয়ন অধিদপ্তরের যুগ্ম-সচিব রনজিৎ কুমার দাস প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শনে আসলে শিক্ষার্থীরা ইউএনও এবং যুব উন্নয়ন অফিসারের অপসারণ ও বিচার দাবি করেন। এ ব্যাপারে রনজিৎ কুমার দাস সাংবাদিকদের বলেন, বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।